

(প্রেস বিজ্ঞপ্তি)

১৯ ফেব্রুয়ারি ২০২৩খ্রি.

২০ ফেব্রুয়ারি ভিটামিন 'এ' ক্যাপসুল পাবে চট্টগ্রামের শিশুরা

চট্টগ্রাম সিটি কর্পোরেশন (চসিক) এলাকায় সোমবার (২০ ফেব্রুয়ারি) সকাল ৮.০০টা হতে বিকাল ৪.০০টা পর্যন্ত শিশুদের স্বাস্থ্যবিধি মেনে ভিটামিন 'এ' ক্যাপসুল খাওয়ানো হবে। চসিক মেয়র মো. রেজাউল করিম চৌধুরী এ কার্যক্রমের উদ্বোধন করবেন।

রোববার টিকা কার্যক্রমের বিভিন্ন দিক তুলে ধরতে সিটি কর্পোরেশন মেমন জেনারেল হাসপাতালে এক সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়।

সংবাদ সম্মেলনে জানানো হয়, নগরীর ৪১টি ওয়ার্ডে এক হাজার ৩২১টি টিকাদান কেন্দ্র থেকে ৬-১১ মাস বয়সী ৮১ হাজার শিশুকে নীল রঙের এবং ৪ লক্ষ ৫৫ হাজার ১২-৫৯ মাস বয়সী শিশুকে লাল রঙের ভিটামিন 'এ' ক্যাপসুল খাওয়ানোর লক্ষ্যমাত্রা নেয়া হয়েছে। উল্লেখ্য, গত ১৫-১৯ জুন ২০২২ইং অনুষ্ঠিতব্য জাতীয় ভিটামিন 'এ' প্লাস ক্যাম্পেইন কার্যক্রমে চসিক এলাকায় ৬-১১ মাস বয়সী ৭৮ হাজার ৪৮৫ জন এবং ১২-৫৯ মাস বয়সী ৪ লক্ষ ৪৬ হাজার ৪৬৬ জন শিশুকে ভিটামিন 'এ' ক্যাপসুল খাওয়ানো হয়েছে। যার অর্জিত লক্ষ্য মাত্রা ছিল শতকরা ৯৫ দশমিক ৯৭ শতাংশ ও ৯৬ শতাংশ।

ক্যাম্পেইন চলাকালীন সময়ে বিভিন্ন কেন্দ্রে সমূহে (ইপিআই কেন্দ্র, কমিউনিটি ক্লিনিক ও পরিবার কল্যাণ কেন্দ্র) স্বাস্থ্যবিধি মেনে দুই হাত ভালভাবে জীবাণুমুক্ত করে শিশুদের ভিটামিন 'এ' ক্যাপসুল খাওয়ানো হবে। কেন্দ্রসমূহে সামাজিক নিরাপত্তা বিষয়ক সতর্কতা মেনে চলা হবে।

কার্যক্রমকে সফল করতে জন্মের পরপর শিশুকে শালদুধ (১ ঘণ্টার মধ্যে) খাওয়ানোসহ প্রথম ৬ মাস শিশুকে শুধুমাত্র মায়ের দুধ খাওয়ানোর বিষয়ে এবং শিশুর বয়স ৬ মাস পূর্ণ হলে মায়ের দুধের পাশাপাশি ঘরে তৈরি পরিমাণমতো সুখম খাবার খাওয়ানো বিষয়ে পুষ্টি বার্তা প্রচার করা হবে।

ক্যাম্পেইন চলাকালে যেসব শিশু ভিটামিন 'এ' ক্যাপসুল খাওয়া থেকে বাদ যাবে তাদের পরবর্তীতে শুধুমাত্র চসিক স্বাস্থ্য বিভাগের উদ্যোগে নিজস্ব ব্যবস্থাপনায় চসিক স্বাস্থ্য বিভাগ পরিচালিত দাতব্য চিকিৎসালয়, নগর স্বাস্থ্য কেন্দ্র, ইপিআই কেন্দ্র সমূহে ভিটামিন 'এ' ক্যাপসুল খাওয়ানো হবে। এছাড়া পথশিশুদের টিকাদান নিশ্চিত 'মোবাইল কেন্দ্র' কাজ করবে।

সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন চসিকের প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডাঃ সেলিম আকতার চৌধুরী, স্বাস্থ্য কর্মকর্তা ডাঃ মোহাম্মদ ইমাম হোসেন রানা, জনসংযোগ কর্মকর্তা কাম প্রটোকল কর্মকর্তা আজিজ আহমদ, জোনাল মেডিকেল অফিসার ডাঃ মোঃ রফিকুল ইসলাম, ডাঃ তপন কুমার চক্রবর্তী, ডাঃ হাসান মুরাদ চৌধুরী, ডাঃ সুমন তালুকদার, জনস্বাস্থ্য বিশেষজ্ঞ ডাঃ বুশরা তাবাসসুম, ভ্যাকসিনেশন ইনচার্জ মোঃ আবু ছালেহ।

আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে বইমেলা মঞ্চে শিশু-কিশোরদের লোক সঙ্গীত ও দেশাত্মবোধক গানের প্রতিযোগিতা অনুষ্ঠিত

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের আয়োজিত একুশে বইমেলা মঞ্চে আজ রোববার সকালে একুশে ফেব্রুয়ারি আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে নগরীর বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের অংশগ্রহণে লোক সঙ্গীত ও দেশাত্মবোধক গানের প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতার 'ক' বিভাগে পঞ্চম শ্রেণি থেকে অষ্টম শ্রেণি এবং 'খ' বিভাগে নবম শ্রেণি থেকে দ্বাদশ শ্রেণির শিক্ষার্থীগণ অংশগ্রহণ করে। প্রতিযোগিতায় উপস্থিত ছিলেন-চসিক প্রধান শিক্ষা কর্মকর্তা লুৎফুন নাহার, শিক্ষা কর্মকর্তা উজালা রাণী চাকমা। বিচারক হিসেবে উপস্থিত ছিলেন-অধ্যক্ষ শাহেদুল কবির চৌধুরী, অধ্যক্ষ আবু তালেব চৌধুরী, সহকারী অধ্যাপক সিদ্ধার্থ কর, জহিরুল কাইয়ুম চৌধুরী, প্রধান শিক্ষক নেজামুল হক, প্রধান শিক্ষিকা চম্পা মজুমদার, সহকারী শিক্ষক রুমেলা বড়ুয়া, গৌরী দাশ প্রমুখ।

এ সময় প্রধান শিক্ষা কর্মকর্তা লুৎফুন নাহার বলেন, শিশু-কিশোরদের মাঝে বাঙালি লোকজ সংস্কৃতির ঐতিহ্য, দেশপ্রেম ও মুক্তিযুদ্ধের চেতনায় উজ্জীবিত করতেই আমাদের এই ক্ষুদ্র প্রয়াস। প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের যথাসময়ে উপস্থিত করার জন্য অভিভাবকদের ধন্যবাদ জানান তিনি। এই প্রতিযোগিতায় প্রায় দেড়শ প্রতিযোগি অংশগ্রহণ করেন। আগামী ২৩ ফেব্রুয়ারি বিজয়ীদের ফলাফল স্ব স্ব স্কুলে পাঠিয়ে দেয়া হবে। অমর একুশে বইমেলা মঞ্চে আগামীকাল ২০ ফেব্রুয়ারি সোমবার সকাল ১১টায় সাধারণ নৃত্য প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। এতে সংশ্লিষ্টদের যথা সময়ে উপস্থিত থাকার অনুরোধ রইল।

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮